



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৬৯৩.১৪- ২৫০৮

তারিখঃ ০২/৬/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্পের মাঠ সংগঠক জনাব দীপাঞ্জন মুখার্জী কর্তৃক সমিতির সদস্যদের সাথে যাবতীয় লেনদেন স্থগিতকরণ।
সূত্রঃ তার কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.৪১.০৪.১০৮.২৫.০০৮.১৪-১৯০ তারিখঃ ২৪/৫/২০১৫ খ্রিস্টাব্দ।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পভূক্ত এলাকায় দরিদ্র-অসহায় গ্রামীণ নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টি, তাদের ক্ষমতায়ন ও দরিদ্র বিমোচনের লক্ষ্যে প্রশিক্ষনোত্তর ঋণ কার্যক্রমসহ বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। আপনার উপজেলায় প্রকল্পের মাঠসংগঠক জনাব দীপাঞ্জন মুখার্জী কর্তৃক তার ব্লকে বিতরণকৃত ঋণের আদায়কৃত ৫,১০,৬০২/- টাকা প্রকল্পের ব্যাংক হিসাবে জমা না করে হস্তমজুদ/আত্মসাৎ করেছেন মর্মে সূত্রস্থ পত্রে উল্লেখ করা হয়েছে। উপজেলায় তার আওতাধীন সমিতিসমূহে আর্থিক শৃঙ্খলা পূর্ণ প্রতিষ্ঠার জন্য পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মাঠসংগঠক জনাব দীপাঞ্জন মুখার্জী কর্তৃক সমিতির সদস্যদের সাথে যাবতীয় লেনদেন বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। সেই সাথে মাঠসংগঠক জনাব দীপাঞ্জন মুখার্জীর নিকট হতে আত্মসাতকৃত অর্থ আদায়ের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
উপজেলাঃ অভয়নগর, জেলাঃ যশোর।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপপ্রকল্প পরিচালক (অর্থ, বাজেট ও উন্নয়ন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপিঃ সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো.....উপজেলা,জেলা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/ব্যক্তি নথি।